দৈনিক জনকণ্ঠ

তারিখ ·· 05 JAN 2016 ···
পৃষ্ঠা ··· ১৯ ··· কলাম ···· ৭ ····

# কক্সবাজার মেডিক্যাল কলেজে ছাত্রলীগের দু'পক্ষে সংঘর্ষ, আহত ৫

**স্টাফ রিপোর্টার, কক্সবাজার ॥** কক্সবাজার সরকারী মেডিক্যাল কলেজে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে ৫ জন আহত হয়েছে। সোমবার দুপুরে উক্ত কলেজের প্রথম বর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠান শেষে সরকারী ছাত্রাবাসের ফরম বিতরণকে কেন্দ্র করে এ সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় ছাত্রলীগের একাংশ আগত অর্ধশতাধিক শিক্ষার্থী ও অভিভাবক রুমে আটকিয়ে রেখে জোরপূর্বক বেসরকারী ছাত্রাবাসে থাকার ফরম পূরণ করিয়ে নেয় বলে অভিযোগ রয়েছে। সংঘর্ষের পরপর কক্সবাজার মেডিক্যাল কলেজে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। কক্সবাজার মেডিক্যাল কলেজ ছাত্রলীগের বহিষ্কৃত সভাপতি ডাঃ রিপন চৌধুরীর নেতৃত্বে এই হামলার ঘটনা ঘটেছে বলে দাবি করেন অনেকে।

কলেজের অধ্যক্ষ রেজাউল করিম জানিয়েছেন, সোমবার দুপুরে প্রথম বর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠান শেষে নতুন ছাত্রদের সরকারী ছাত্রাবাসে ফরম বিতরণ করা হচ্ছিল। এসময় ছাত্রলীগের বহিষ্কৃত সভাপতি ডাঃ রিপন চৌধুরী, ৫ম বর্ষের ছাত্র জাহিদ হোসেন ও মুন্তাহার মোঃ মিনহাজ ভূইয়া, মোস্তফা ইমন চৌধুরীর নেতৃত্বে প্রায় ২০ জন নতুন ছাত্রছাত্রী ও অভিভাবককে রুমে আটকিয়ে রেখে সরকারী হোস্টেলের ভর্তি ফরম কেড়ে নেয়। এ সময় তারা ঐ ছাত্রদের জোরপূর্বক বেসরকারী ছাত্রাবাসে থাকার ফরম পূরণ করিয়ে নেয়। ছাত্রলীগের অপর পক্ষ এতে বাধা দিলে সংঘর্ষের ঘটনা ঘটে। তখন উভয়পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। আহত ৫ জনকে কক্সবাজার সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।